

## বিএম কলেজে শিক্ষকদের অবরুদ্ধ করে আগুন জ্বালিয়ে বিক্ষোভ

স্টাফ রিপোর্টার, বরিশাল । বিএম কলেজের শিক্ষকদের অবরুদ্ধ করে বৃহস্পতিবার বেলা ১১টার দিকে আগুন জ্বালিয়ে বিক্ষোভ করেছে রসায়ন বিভাগের শিক্ষার্থীরা। এ সময় শিক্ষার্থীরা রসায়ন ভবনের নীচ তলার বিএম কলেজ ডিবেটিং ক্লাব ও রেড ক্রিসেন্ট ক্লাবের সাইনবোর্ড টানানো দুটি কক্ষে ভাঙচুর চালায়। পরে কলেজ অধ্যক্ষ ঘটনাস্থলে পৌঁছে বিক্ষুব্ধ শিক্ষার্থীদের শান্ত করেন। বিক্ষুব্ধ শিক্ষার্থীরা জানান, রসায়ন বিভাগের একাডেমিক ভবনে কক্ষ সঙ্কট থাকা সত্ত্বেও এ ভবনের একের পর এক রুম দখল করে নিচ্ছে বিভিন্ন সংগঠন। সর্বশেষ

বিভাগের দায়িত্বশীল কাউকে কিছু না জানিয়ে রেড ক্রিসেন্ট ক্লাবের নামে বিভাগের ল্যাবরেটরি একটি রুম দখল করা হয়। এ সময় ওই সংগঠনের সদস্যরা রসায়ন বিভাগের কয়েক লাখ টাকার মালামালের ক্ষতিসাধন করে।

এ বিষয়ে শিক্ষকদের জানানো হলেও তারা কোন ব্যবস্থা গ্রহণ করেননি। ফলে তারা বিক্ষোভ প্রদর্শন করেন। কলেজ অধ্যক্ষ ড. স ম ইমানুল হাকিম বলেন, এ ঘটনায় তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন পাওয়ার পর ক্লাব সরানোর বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।